গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা

**এপ্রিল/২০১৮ মাসের মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব, রেলপথ মন্ত্রণালয়

তারিখ : ০৯.০৪.২০১৮ খ্রিঃ

সময় : বিকাল ০৩.০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ (৯ম তলা), রেলভবন, ঢাকা

০২। **উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট - 'ক'**

০৩। সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে গত ২৪.০১.২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। কোন সংশোধনী না থাকায় জানুয়ারি/২০১৮ মাসের কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি মাসিক সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-২) কে অনুরোধ করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

<table>
<tr><th>ক্র:</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৫.১</td><td>মন্ত্রণালয়ের জনবল</td><td>মন্ত্রণালয়ের শ্রেণিভিত্তিক শূন্য পদ বিষয়ে আলোচনা করা হয়।
<table>
<tr><th>শ্রেণি</th><th>মঞ্জুরিকৃত জনবল</th><th>শূন্য পদ</th><th>সংরক্ষণ যোগ্য পদ সংখ্যা</th></tr>
<tr><td>১ম শ্রেণি</td><td>৪৩</td><td>৬</td><td>০</td></tr>
<tr><td>২য় শ্রেণি</td><td>৩৩</td><td>২৬</td><td>০</td></tr>
<tr><td>৩য় শ্রেণি</td><td>৩০</td><td>১২</td><td>৩</td></tr>
<tr><td>৪র্থ শ্রেণি</td><td>২৯</td><td>৪</td><td>৩</td></tr>
<tr><td>মোট</td><td>১৩৫</td><td>৪৮</td><td>৬</td></tr>
</table>
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা) জানান পদোন্নতি, কোটা ও সংরক্ষণযোগ্য পদ বাদে সরাসরি নিয়োগযোগ্য অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকের ৩টি, কম্পিউটার অপারেটরের ৩টি এবং ৪র্থ শ্রেণির ক্যাশ সরকার ১টি সহ মোট শূন্য পদের সংখ্যা ৭টি । তবে কম্পিউটার অপারেটর পদের নিয়োগবিধির কার্যকারিতা না থাকায় এবং নতুন নিয়োগবিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন থাকায় এ পদের নিয়োগ কার্যক্রম আপাততঃ সম্ভব নয় । সভাপতি সরাসরি নিয়োগযোগ্য অফিস সহকারী</td><td>সরাসরি নিয়োগযোগ্য অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকের ৩টি পদ ও ক্যাশ সরকারের ১টি পদে বিধিমোতাবেক নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকের ৩টি পদ ও ক্যাশ সরকারের ০১টি পদে বিধি মোতাবেক নিয়োগ কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |
| ৫.২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | সভায় উপসচিব (প্রশাসন-২) জানান, চলতি অর্থ বছরে প্রণীত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ইতোমধ্যে ৪১ জনঘন্টা করে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এপিএ'র লক্ষ্যমাত্রা অনুসারে ৬০ জনঘন্টা করে প্রশিক্ষণ সম্পন্নের জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।<br><br>মন্ত্রণালয়ের সকল উইং এর কার্যক্রমের উপর একটি কর্মশালা আয়োজন করতে তিনি পরামর্শ প্রদান করেন। | (১) প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এপিএ'র লক্ষ্যমাত্রা অনুসারে ৬০ জনঘন্টা করে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br><br>(২) মন্ত্রণালয়ের সকল উইং এর কার্যক্রমের উপর একটি কর্মশালা আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| ৫.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | অনুবিভাগ ভিত্তিক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে লক্ষ্যমাত্রা অর্জনের কার্যকর পদক্ষেপ গ্রহণসহ অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত প্রতিমাসে একবার করে সভা অনুষ্ঠানের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়। |
| ৫.৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | বিগত সভার সিদ্ধান্তের ধারাবাহিকতায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে গণ শুনানী আয়োজনের বিষয় সভায় আলোচনা হয়। এছাড়া, মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক ট্রেন ও স্টেশন পরিদর্শন, পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ, নিরাপদ রেল চলাচল বিষয়ে আলোচনা হয়।<br><br>সভায় নৈতিকতা সংক্রান্ত সভা, শুদ্ধাচারের ক্ষেত্রে অন্তরায়সমূহ চিহ্নিতকরণ, দুর্নীতির ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ, সচেতনতা বৃদ্ধিমূলক সভা, অংশীজনের অংশ গ্রহণে সভার আয়োজন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। এ সকল সভা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সম্পৃক্ত বিধায় সভাগুলো পরিমাপ অনুযায়ী আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (১) ট্রেনের এবং স্টেশনের পরিস্কার পরিচ্ছন্নতা, নিরাপদ রেল চলাচল ও যাত্রী নিরাপত্তা প্রভৃতি পরিবীক্ষণের নিমিত্ত পরিদর্শনের সংখ্যা বাড়াতে হবে।<br><br>(২)বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সম্পৃক্ত সকল সভা প্রমাপ অনুযায়ী আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br><br>অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৫ | বিভাগীয় মামলা | সভায় সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩) জানান, মার্চ/১৮ পর্যন্ত অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা ৫০টি। তম্মধ্যে ৩৩টি মামলার অভিযুক্ত কর্মকর্তা জেল হাজতে থাকার কারনে স্থগিত রয়েছে। অবশিষ্ট ১৫ টি বিভাগীয় মামলা ০৬ মাসের উর্দ্ধে অনিষ্পন্ন আছে। বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বিভাগীয় মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয় |
| ৫.৬ | ই-ফাইলিং | প্রোগ্রামার ই-ফাইলিং বিষয়ে শাখা ও অনুবিভাগ ভিত্তিক মোট নিষ্পত্তিকৃত নথি এবং ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তিকৃত ডাক ও নথির সংখ্যাগত তথ্য-উপাত্ত সভায় উপস্থাপন করেন। সভায় আইন অনুবিভাগে ব্রডব্যান্ড কানেকশন প্রদান এবং ফ্রন্ট ডেস্কের মাধ্যমে ডাক গ্রহণ সম্পর্কে আলোচনা হয়। সভাপতি ইলেকট্রনিক পদ্ধতি যথা- E_mail, E_Fliling, SMS, Web-site ব্যবহার বৃদ্ধির নির্দেশনা প্রদান করেন। | ১। ইলেকট্রনিক পদ্ধতি যথা-E_mail, E_Fliling, SMS, Web-site এর ব্যবহার বৃদ্ধি করতে হবে।<br>২। প্রত্যেক কর্মকর্তাকে ওয়েব মেইল ব্যবহারে আগ্রহী হতে হবে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সকল কর্মকর্তার ই_মেইল আইডি সংযোজন করতে হবে। | সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| | | সভায় সোশ্যাল মিডিয়া তথা ফেসবুক, ভাইবার, ইমো, ই-মেইল ইত্যাদিতে রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ে সম্পর্কে প্রকাশিত বক্তব্য, অভিযোগ, প্রতিকার প্রভৃতি বিষয়ে আলোচনা হয়। সভাপতি রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ে সংশ্লিষ্ট বিষয়ে সোশ্যাল মিডিয়ায় প্রকাশিত তথ্যাদির ওপর প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। | ৩। রেলপথ মন্ত্রণালয় তথা বাংলাদেশ রেলওয়ে সংশ্লিষ্ট বিষয়ে সোশ্যাল মিডিয়ায় প্রকাশিত তথ্যাদির ওপর প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | (ক) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়।<br>(খ) প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়। |
| ৫.৭ | পরিদর্শন | উপসচিব, প্রশাসন-২ জানান যে, অতিরিক্ত সচিব (আইন) গত ০৮.০৩.২০১৮ তারিখ বাংলাদেশ রেলওয়ের বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা, ঢাকা-র আওতাধীন ২৬নং ছাতক কাচারী অফিস পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেছেন। উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য গঠিত কমিটিকে সভাপতি নিয়মিত উন্নয়ন প্রকল্প পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। কমিটি ব্যতিত অন্যান্য কর্মকর্তাদের উন্নয়ন প্রকল্প পরিদর্শনের পরামর্শ প্রদান করেন। এছাড়া, শাখা কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাদের নিয়মিত শাখা পরিদর্শনের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। | (ক) উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য গঠিত কমিটিসহ অন্যান্য কর্মককর্তাগণ নিয়মিত উন্নয়ন প্রকল্প পরিদর্শন করবে।<br>(খ) শাখা কর্মকর্তাগণ নিয়মিত শাখা পরিদর্শন করবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.৮ | অনিষ্পন্ন বিষয় | সভায় বিভিন্ন শাখায় / অধিশাখায় এবং বাংলাদেশ রেলওয়ের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়াদি উপস্থাপন করা হয়। এতে দেখা যায়, ১১৬ টি অনিষ্পন্ন বিষয়াদির মধ্যে বাংলাদেশ রেলওয়েতে অনিষ্পন্ন রয়েছে ১০৩ টি। সভাপতি অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আরও তৎপর হতে পরামর্শ প্রদান করেন। | অনিষ্পন্ন তালিকা/প্রতিবেদন হালনাগাদকরণসহ নিষ্পত্তির ক্ষেত্রে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয় |
| ৫.৯ | বিবিধ | (ক) প্রোগ্রামার জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সভাপতি সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ যথানিয়মে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ যথানিয়মে প্রতিপালন করতে হবে। | সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয় |
| | | (খ) সভায় যাত্রীসেবা নিশ্চিতকরণে ভ্রাম্যমান আদালত পরিচালনা বিষয়ে আলোচনা হয়।<br>মোবাইল কোর্ট পরিচালনার জন্য নির্বাহী হাকিমের ক্ষমতাপ্রাপ্ত সকল কর্মকর্তাকে বিনা টিকিটে রেল ভ্রমণ, রেলের ছাদে যাত্রী উঠা রোধ এবং টিকিট কালোবাজারী রোধ ইত্যাদি বিষয়ে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সিডিউল অনুসারে ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে এবং প্রতিবেদন দাখিল করতে হবে। | বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), রেলপথ মন্ত্রণালয় |

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব